



জাতীয় বিশ্ববিদ্যালয়
শারীরিক শিক্ষা বিভাগ
গাজীপুর

বিজ্ঞপ্তি

আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা - ২০১৬

দ্রষ্টব্য : www.nu.edu.bd

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/ইন্সটিটিউট স্নাতক (পাস ও সম্মান), স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের (অনূর্ধ্ব-২৫ বৎসর) মধ্যে লেখাপড়ার পাশাপাশি সহপাঠ্য কার্যক্রমকে উৎসাহিত করার অংশ হিসেবে খেলাধুলার ওপর গুরুত্ব আরোপ করে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আন্তঃ কলেজ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এতে নিম্নেবর্ণিত এ্যাথলেটিকস্ ইভেন্টসমূহ অন্তর্ভুক্ত থাকবে। উক্ত ইভেন্টগুলো আগামী মার্চ ২০১৬ -এ বৃহত্তর জেলা এবং চূড়ান্তভাবে কেন্দ্রীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে। আগামী ৩১ জানুয়ারি ২০১৬ -এর মধ্যে সকল কলেজকে এসব ক্রীড়া প্রতিযোগিতা নিজ উদ্যোগে সমাপ্ত করে প্রতিটি ইভেন্টে সর্বোচ্চ শ্রেষ্ঠ ১০ জন ছাত্র ও ১০ জন ছাত্রীর ফলাফল নমুনা ছক অনুযায়ী ১০ ফেব্রুয়ারি ২০১৬ এর মধ্যে নিম্নেবর্ণিত ঠিকানায় Hard ও Soft কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

উক্ত ফলাফলের ভিত্তিতে প্রতিটি ইভেন্টের বাছাইকৃত শ্রেষ্ঠ ১০ জন ছাত্র ও ১০ জন ছাত্রী নিয়ে মোট ২০০ জন প্রতিযোগীর মধ্যে প্রতিটি বৃহত্তর জেলা পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সকল বৃহত্তর জেলা পর্যায়ে প্রতিযোগিতার ফলাফলের ভিত্তিতে প্রতিটি ইভেন্টের বাছাইকৃত শ্রেষ্ঠ ১৪ জন ছাত্র ও ১৪ জন ছাত্রী নিয়ে মোট ২৮০ জন প্রতিযোগীর মধ্যে কেন্দ্রীয়/চূড়ান্ত পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

নির্বাচিত ছাত্র/ছাত্রীদের মধ্যে এসব ইভেন্টে আলাদাভাবে প্রতিযোগিতা অনুষ্ঠান এবং ফলাফল তৈরী করতে হবে।

ক্র.নং	রানিং ইভেন্ট	সময় মিঃ/সেঃ	ক্র.নং	জাম্পিং ইভেন্ট	দূরত্ব (মিটার)	ক্র.নং	থ্রোয়িং ইভেন্ট	উচ্চতা/দূরত্ব (মিটার)
১.	১০০ মি. দৌড়		৫.	হাই জাম্প		৮.	ডিসকাস থ্রো	
২.	২০০ মি. দৌড়		৬.	লং জাম্প		৯.	জ্যাভলিন থ্রো	
৩.	৪০০ মি. দৌড়		৭.	ট্রিপল জাম্প		১০.	শটপুট থ্রো	
৪.	৮০০ মি. দৌড়		-	-		-	-	

প্রতিযোগিতার ফলাফলের তালিকা প্রেরণের নমুনা ছক :

ক্র.নং	প্রতিযোগীর নাম	বিষয়/বিভাগ	ক্লাস রোল	শিক্ষাবর্ষ	রেজি. নং	জন্ম তারিখ	ইভেন্টের নাম	ফলাফল (সময়/দূরত্ব/উচ্চতা)	ছবি (স্ট্যাম্প সাইজ)	মোবাইল নম্বর

বি.দ্র.ঃ ইভেন্ট ওয়ারী আলাদা তালিকা প্রস্তুত করতে হবে।

ফলাফল প্রেরণের ঠিকানা :

মোঃ নুরুজ্জামান খান

উপ-পরিচালক


শারীরিক শিক্ষা দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

মোবাইল নং- 01775015600

Email : phy.edu.nu@gmail.com

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


12.11.15

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।